

ভূয়া চাকুরী সুযোগের বিরুদ্ধে সতর্কতা

প্রতিজন ইন্টারনেট ব্যবহারকারীকে সচেতন থাকতে হবে যে, জনসাধারণ ভূয়া চাকুরীর সুযোগ সম্পর্কিত অযাচিত ইমেইল পায়। অনুগ্রহ করে জেনে রাখুন যে কখনও কখনও আমরা, আল-ফুত্তায়িম এবং এর সহযোগী ও সার্বসিডিয়ারী প্রতিষ্ঠান এই ধরনের ভূয়া প্রচেষ্টার শিকার হতে পারি, এবং আমরা আপনাদের সুরক্ষার জন্য এই উপদেশ দিচ্ছি।

প্রতারক নিয়োগকর্তা প্রায়ই চাকুরীর ভূয়া প্রস্তাব পাঠিয়ে, ব্যক্তিগত তথ্য অথবা চাকুরীর আবেদনপত্র ও আপনার ভিসা প্রক্রিয়াকরণের জন্য অর্থ চায়। অনুগ্রহ করে মনে রাখবেন যে, কোন আল-ফুত্তায়িম সংস্থা কখনই অর্থ বা চাকুরীর আবেদনপত্র প্রক্রিয়াকরণের জন্য ফিস পাঠাতে বলবে না। আপনি যদি কখনও এমন চাকুরীর প্রস্তাব পান যা নিয়ে আপনি নিশ্চিত নন বা মনে করেন যে ভূয়া হতে পারে, অনুগ্রহ করে ইমেইলে এখানে যোগাযোগ করুন: support@hiringsolutions.com

আপনি কীভাবে ভূয়া চাকুরীর প্রস্তাব চিহ্নিত করতে পারবেন?

* আমাদের ইমেইল ঠিকানা সকল সময় "@alfuttaim.ae" দিয়ে অথবা

@hiringsolutions.com দিয়ে শেষ হয়, এবং আমাদের নিয়োগকারীরা কখনই আপনাকে ব্যক্তিগত বা বিনামূল্যের অ্যাকাউন্ট যেমন হটমেইল, ইয়াহু অথবা জিমেইল থেকে ইমেইল করবে না।

* আল-ফুত্তায়িম-এর সকল শূন্যপদের বিজ্ঞপ্তি আমাদের কেন্দ্রীয় চাকুরী সংক্রান্ত ওয়েবসাইট

<http://www.afuturewithus.com/> -এ প্রকাশ করা হয়, তাই অন্য কোথাও প্রকাশিত যে কোন বিজ্ঞপ্তি আপনার সন্দেহের উদ্রেক করা উচিত।

* আমরা যদি আপনার সাথে আপনার ভূমিকা নিয়ে ফোনে বা সামনাসামনি কখনও আলোচনা করে থাকি, তবেই নিয়োগ দিতে পারি। অতএব, সাক্ষাতকার ব্যতীত কোন কাজের প্রস্তাব খুব সম্ভবত ভূয়া প্রস্তাব হতে পারে।

* আপনি যদি কখনই আমাদের এখানে শূন্যপদে আবেদন না করে থাকেন, তাহলে আপনি যদি কোন অযাচিত ইমেইলে চাকুরীর প্রস্তাব পান, তাহলে আপনাকে সন্দেহ করতে হবে যে আপনি সম্ভবত প্রতারণার লক্ষ্যবস্তু হচ্ছেন।

আপনি যদি আমাদের সাথে কাজ করতে চান, অনুগ্রহ করে আমাদের কেন্দ্রীয় চাকুরীর ওয়েবসাইটে এখানে আবেদন করুন, যাতে আপনি নিশ্চিত হতে পারেন যে আপনি সরাসরি আল-ফুত্তায়িমের সঙ্গে যোগাযোগ করছেন: <http://www.afuturewithus.com/>